# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali TextBulletin

**28-03-2026** **Time: 7.35 AM**

## বিশেষ বিশেষ খবর –

১) পশ্চিমবঙ্গে SIR প্রক্রিয়ার বিচারাধীন নামের দ্বিতীয় তালিকা প্রকাশিত হয়েছে।

২) প্রবীণ বিজেপি নেতা, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ বলেছেন, ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনী কর্মসূচী এস আই আর-এর উদ্দেশ্য হলো, ভুয়ো নথির ভিত্তিতে যে সমস্ত অনুপ্রবেশকারীর নাম তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে তা বাদ দেওয়া।

একদিনের সফরে গতরাতে তিনি কলকাতায় এসেছেন। আজ তাঁর এক সংবাদিক বৈঠকে যোগদানের কথা।

৩) বিধানসভা ভোটের আগে রাজ্যের বেশ কিছু এলাকা থেকে হিংসা ও অশান্তির ঘটনা সামনে আসায় নির্বাচন কমিশন রাজ্যের পুলিশ প্রশাসনের উপর নজরদারি আরও কঠোর করছে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন।

৫) অর্থনৈতিক ও বাণিজ্যিক ক্ষেত্রে স্থিতিশীলতা বজায় রাখা সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার এবং কেন্দ্র ও রাজ্যের মধ্যে সমন্বয়সাধন জরুরী বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন।

৬) মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জে রামনবমীর শোভাযাত্রাকে ঘিরে সংঘর্ষের পর আজও সকাল থেকে পরিস্থিতি থমথমে। গ্রেফতার হয়েছে ১২ জন।

৭) গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের ওপর ঘূর্ণাবর্ত এবং অনুকূল বায়ুপ্রবাহের কারণে রাজ্যের বিভিন্ন জেলাতেই ঝড়-বৃষ্টি হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে SIR প্রক্রিয়ার বিচারাধীন নামের দ্বিতীয় তালিকা প্রকাশিত হয়েছে। নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের ওয়েবসাইট, ইসিআই নেট অ্যাপ থেকে এপিক নম্বর দিয়ে ভোটাররা তালিকায় নিজেদের নাম খুঁজতে পারবেন বলে নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে। তবে প্রথম সাপ্লিমেন্টারি তালিকার মত দ্বিতীয় সাপ্লিমেন্টারি তালিকায় কত নাম স্থান পেয়েছে বা বাদ পড়ল তা নিয়ে নির্দিষ্ট কোনও তথ্য প্রকাশ্যে আনেনি নির্বাচন কমিশন।

যদিও এপর্যন্ত ৩৭ লক্ষ নামের নিষ্পত্তি হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের তরফে জানানো হয়।যাঁদের নাম তালিকা থেকে বাদ গিয়েছে, তাঁদের আতঙ্কিত না হওয়ার পরামর্শ দিয়েছে কমিশন। প্রতিকারের জন্য ২৩টি জেলার জন্য মোট ১৯টি ট্রাইব্যুনাল গঠন করা হয়েছে। প্রতিটি ট্রাইব্যুনালের মাথায় থাকছেন এক জন করে অবসরপ্রাপ্ত বিচারপতি।

০০০০০০০০০০০০০০০০০০০০

দ্বিতীয় তালিকা প্রকাশিত হওয়ার আগে এসয়াইয়ার নিয়ে গতকাল আরও একদফা বৈঠক করেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল। নির্বাচন কমিশনের প্রতিনিধি হিসাবে বৈঠকে উপস্থিত ছিলেন বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত ও মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল।

সুত্রের খবর বৈঠকে সুপ্রিমকোর্টের নির্দেশ মত আপিল ট্রাইব্যুনালের কাজ শুরু করা নিয়ে আলোচনা হয়। ইতিমধ্যেই ১৯ জন বিচারপতিকে ট্রাইবুনালের কাজের জন্য নেওয়া হলেও এখনো ট্রাইব্যুনাল কাজ শুরু করেনি।প্রধান বিচারপতি সে বিষয়ে আলাপ আলোচনা ও করেছেন নির্বাচন কমিশনের সিইও ও বিশেষ পর্যবেক্ষকের সঙ্গে।

বৈঠকের আরও খবর ট্রাইব্যুনাল আগামী সপ্তাহ থেকে কাজ শুরু করতে পারে। চার থেকে ৫ টি বেঞ্চ গঠন করা হতে পারে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রবীণ বিজেপি নেতা স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ বলেছেন, ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনী কর্মসূচী এস আই আর-এর উদ্দেশ্য হলো, ভুয়ো নথির ভিত্তিতে যে সমস্ত অনুপ্রবেশকারীর নাম তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে তা বাদ দেওয়া। নতুন দিল্লিতে গতরাতে বে-সরকারী সংবাদ মাধ্যমের এক শীর্ষ সম্মেলনে শ্রী শাহ বলেন, ভোটার তালিকা যাতে নির্ভূল ও ত্রুটি মুক্ত করা যায়, তা সুনিশ্চিত করাই এস আই আর প্রক্রিয়ার মূল লক্ষ্য। বিভিন্ন রাজ্যে কোনরকম বাধা বিপত্তি ছাড়াই এস আই আর প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হয়েছে। তবে, পশ্চিমবঙ্গেই প্রধানত এস আই আর প্রক্রিয়া বিভিন্ন বাধা আসছে।

(বাইট – অমিত শাহ্)

এদিকে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী একদিনের সফরে গতরাতে কলকাতায় এসে পৌঁছেছেন। বৃষ্টির কারণে নির্ধারিত সময়ের দেড় ঘণ্টারও বেশি সময়ের পর তাঁর বিমান কলকাতায় অবতরণ করে। বিমানবন্দরে স্বরাষ্ট্রমন্ত্রীকে স্বাগত জানান বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী , কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার প্রমুখ।

উল্লেখ্য, নিউটাউনে একটি বে-সরকারী হোটেলে রাত্রিবাসের পর আজ বেলা ১২-টা নাগাদ এক সাংবাদিক বৈঠকে আসন্ন বিধানসভা নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে বক্তব্য রাখবেন তিনি। আজই তাঁর দিল্লি ফিরে যাওয়ার কথা। স্বরাষ্ট্রমন্ত্রী সফর উপলক্ষে নিরাপত্তা জোরদার করা হয়েছে।

বিজেপি পশ্চিমবঙ্গের ১৯-টি বিধানসভা আসনে এখনও প্রার্থী তালিকা ঘোষণা করেনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা ভোটের আগে রাজ্যের বেশ কিছু এলাকা থেকে হিংসা ও অশান্তির ঘটনা সামনে আসার প্রেক্ষিতে নির্বাচন কমিশন রাজ্যের পুলিশ প্রশাসনের উপর নজরদারি আরও কঠোর করছে। মহকুমা পুলিশ আধিকারিক থেকে শুরু করে থানার ওসি—সব স্তরের আধিকারিকদের জন্য কড়া নির্দেশিকা জারি করা হয়েছে।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জারি করা এক নির্দেশে বলা হয়েছে, আগের নির্বাচনের সময় হওয়া অপরাধমূলক মামলাগুলির তদন্ত দ্রুত শেষ করে চার্জশিট জমা দিতে হবে। পাশাপাশি সমস্ত জামিন অযোগ্য গ্রেফতারি পরোয়ানা কার্যকর করা এবং পলাতক অভিযুক্তদের তালিকা তৈরি করে তাঁদের ধরতে বিশেষ উদ্যোগ নেওয়ার কথা বলা হয়েছে।

এছাড়া সম্ভাব্য দুষ্কৃতী, দাগি অপরাধী ও নির্বাচনী হিংসায় জড়িত ব্যক্তিদের চিহ্নিত করে আগাম ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। বিভিন্ন জেলা ও মহকুমার মধ্যে নিয়মিত সমন্বয় বৈঠক করে তথ্য আদানপ্রদান বাড়ানোর উপরও জোর দেওয়া হয়েছে।

থান্য পৃথক নির্দেশিকায় বলা হয়েছে, নির্বাচনকে কেন্দ্র করে শান্তি বজায় রাখতে সব ধরনের প্রতিরোধমূলক ব্যবস্থা নিতে হবে। রাজনৈতিক কর্মসূচি, মিছিল, সভা—সব ক্ষেত্রেই নিরাপত্তা নিশ্চিত করতে হবে। পাশাপাশি আন্তঃজেলা ও আন্তঃরাজ্য সীমান্তে নাকা চেকিং জোরদার, যানবাহনে তল্লাশি এবং সিসিটিভি নজরদারি চালু রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

অপরাধপ্রবণ এলাকা চিহ্নিত করে সেখানে ২৪ ঘণ্টা টহলদারি চালানো, মাদক বা অবৈধ মদের পাচার রুখতে বিশেষ নজরদারির কথাও বলা হয়েছে। হোটেল, লজ বা ধর্মশালায় নিয়মিত তল্লাশির নির্দেশও দেওয়া হয়েছে।

কমিশন স্পষ্ট করে দিয়েছে, নির্বাচনী দায়িত্বে থাকা সমস্ত আধিকারিক নির্বাচন কমিশনের অধীনস্থ। দায়িত্বে গাফিলতি বা কোনও ধরনের অনিয়ম ধরা পড়লে কড়া শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। নির্বাচনকে অবাধ ও শান্তিপূর্ণ করতে কোনওরকম শৈথিল্য বরদাস্ত করা হবে না বলেই বার্তা দিয়েছে কমিশন।

oooooooooooooooooooooooooooo

রাজ্যে আসন্ন বিধানসভায়  নির্বাচনের  কাজে যুক্ত কোনো সরকারি অধিকারীক বা  কর্মী যদি  রাজনৈতিক দলের হয়ে  বা নিরপেক্ষ ভাবে কাজ না  করেন,  তাহলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এই বিষয়ে নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে এই সম্পর্কিত বিষয়ে  সকল স্তরের সরকারি কর্মী ও অধিকারিককে অবগত করতে ইতিমধ্যে  কলকাতা দক্ষিণের জেলা  নির্বাচনী আধিকারিকের অধীনে সমস্ত  রিটার্নিং অফিসার দের জানানো  হয়েছে।  কলকাতা দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিক রনধীর কুমার এ কথা  জানিয়েছেন।

উল্লেখ্য, কলকাতা দক্ষিণ জেলা নির্বাচনী আধিকারিকের অধীনে ভবানীপুর, বালিগঞ্জ, রাসবিহারী ও কলকাতা পোর্ট বিধানসভা কেন্দ্র রয়েছে।

oooooooooooooooooooooo

অবাধ ও শান্তিপূর্ণ ভোটদানের বিষয়টিকে সামনে রেখে পুর ভবনে গতকাল পুরসভার শীর্ষ  আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন DEO নর্থ কলকাতা ও কলকাতা পুরসভার ভারপ্রাপ্ত  কমিশনার স্মিতা পান্ডে। পরে সাংবাদিক বৈঠকে তিনি বলেন,

পুরসভার সব বিভাগের আধিকারিকদের জাতীয় নির্বাচন কমিশনের ছটি বিধির বিষয়ে বিস্তারিত জানিয়ে দেওয়া হয়েছে। এই ছয় বিধি লংঘন করলে ব্যবস্থা গ্রহণ করা হবে।

(বাইট – স্মিতা পান্ডে)

তিনি আরও বলেন, ১০০ শতাংশ ওয়েব কাস্টিং এর পাশাপাশি সঙ্কটপ্রবন বুথের ক্ষেত্রে তিনটি করে ওয়েব কাস্টিং করা হবে। ইতিমধ্যেই উত্তর কলকাতায় বেশ কয়েকটি সঙ্কটপ্রবন বুথ চিহ্নিত করা হয়েছে। এখনো ওই এলাকায় সেনসিটিভ বুথ চিহ্নিতকরণের কাজ চলছে বলে স্মিতা পান্ডে জানিয়েছেন। উত্তর কলকাতায় দুটি হাই রাইজ বিল্ডিং এ ভোট কেন্দ্র করা হবে। পাশাপাশি নির্বাচন কমিশনের বেধে দেওয়া মডেল কোড অফ কন্ডাক্ট কঠোরভাবে মেনে চলার বিষয়টিও উল্লেখ করেন তিনি।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

oooooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, অর্থনৈতিক ও বাণিজ্যিক ক্ষেত্রে স্থিতিশীলতা বজায় রাখা সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। তিনি গত সন্ধ্যায় বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যমন্ত্রী ও উপ-রাজ্যপালদের সঙ্গে এক ভার্চুয়াল বৈঠকে পশ্চিম এশিয়ায় সাম্প্রতিক সংঘাতের প্রেক্ষিতে জ্বালানি সরবরাহ অব্যাহত রাখা এবং নাগরিকদের স্বার্থ রক্ষার ওপরেও জোর দেন। পরিস্থিতি মোকাবিলায় কেন্দ্র ও রাজ্যের মধ্যে সমন্বয় সাধন এবং অগ্রিম পরিকল্পনা যে জরুরী সেকথাও উল্লেখ করেন তিনি।

অতীতের অভিজ্ঞতা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, কোভিড -19 অতিমারির সময় কেন্দ্র ও রাজ্য যেভাবে একজোট হয়ে কাজ করেছিল, তারফলে বাধা – বিপত্তি অতিক্রম করে ওই অতিমারি প্রতিহত করা সম্ভবপর হয়।

এপ্রসঙ্গে রাজ্যগুলির গুরুত্বপূর্ণ ভূমিকার কথাও উল্লেখ করে প্রধানমন্ত্রী তাদের সরবরাহশৃঙ্খল বাজায় রাখার উদ্দেশ্যে কালোবাজারি এবং মজুতদারির বিরুদ্ধে কঠোর ব্যবস্থাগ্রহণের নির্দেশ দেন। জেলা ও রাজ্যস্তরে কন্ট্রোলরুম খোলার প্রয়োজনীয়তার ওপরেও জোর দেন শ্রী মোদী। পরিস্থিতি খতিয়ে দেখতে চলতি মাসের ৩ তারিখ থেকে আন্তঃমন্ত্রক গোষ্ঠী কাজ করছে এবং দৈনিক ভিত্তিতে তারা সময়োচিত পদক্ষেপ গ্রহণ করছে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

তৃণমূলস্তরে যেকোন কর্মসূচী বাস্তবায়নের জন্য কেন্দ্রের সঙ্গে সংযোগ স্থাপন করার প্রয়োজনীয়তার কথাও উল্লেখ করেন শ্রী মোদী।

oooooooooooooooooooooo

মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জে গতকাল  রামনবমীর শোভাযাত্রা কে ঘিরে সংঘর্ষের পর আজও সকাল থেকে পরিস্থিতি থমথমে । রাস্তাঘাট শুনসান,  গাড়ি চলাচল করলেও দোকান বাজার খুলতে আতঙ্ক বোধ করছেন স্থানীয় ব্যাবসায়ীরা। পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর টহল চলছে।

এই ঘটনায় গ্রেপ্তার করা হয়েছে ১২ জন কে। বিভিন্ন ভিডিও থেকে শনাক্ত করে বাকিদের খোঁজে তল্লাশী শুরু করেছে পুলিশ।

আগেই জানানো হয়েছে, রঘুনাথগঞ্জে গতকাল তিন জায়গায় দফায় দফায় দুটি জনগোষ্ঠীর মধ্যে সংঘর্ষের ঘটনায় একাধিক ব্যাক্তি আহত হয়েছেন। দোকানপাট ভাংচুর, লুঠপাট, ও অগ্নিসংযোগের মত ঘটনা ঘটে।

কেন্দ্রীয় বাহিনী ও পুলিশ পৌছে এলাকার দখল নেয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ ধারার আওতায় এলাকায় নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

উল্লেখ্য, রঘুনাথগঞ্জ ফুলতলা ট্রাফিক মোড়ে রাস্তার উপরের হোর্ডিং এ গেরুয়া পতাকা খুলে ফেলাকে কেন্দ্র করে পরিস্থিতি,উত্তপ্ত হয়ে ওঠে । শোভাযাত্রায় অংশগ্রহণকারিদের বিরুদ্ধে পালটা অন্য একটি পতাকা খোলার চেষ্টা করায় পরিস্থিতি আরও ভয়াবহ আকার নেয় বলে অভিযোগ।

পরে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী গিয়ে পরিস্থিতি সামাল দেয়।

মুর্শিদাবাদ রেঞ্জের ডি আই জি অজিত সিং যাদব, জঙ্গীপুর পুলিশ জেলার সুপার সুরিন্দর সিং সহ উচ্চপদস্থ কর্তারা ঘটনাস্থলে যান ।

oooooooooooooooooooooooooo

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং সংলগ্ন বাংলাদেশের ওপর ঘূর্ণাবর্ত এবং অনুকূল বায়ু প্রবাহ ও জলীয় বাষ্পের কারণে আজও রাজ্যের প্রায় সব জেলাতেই কমবেশি বৃষ্টির সম্ভাবনা। কোচবিহার, দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলায় রয়েছে ভারী বৃষ্টির সতর্কতা। এদিকে, দক্ষিণবঙ্গের বাঁকুড়া পুরুলিয়া বীরভূম ঝারগ্রাম পূর্ব ও পশ্চিম বর্ধমান পশ্চিম মেদিনীপুর এবং হুগলি জেলায় রয়েছে কমলা সতর্কতা। পুরুলিয়া বাঁকুড়া পূর্ব ও পশ্চিম বর্ধমান এবং বীরভূম জেলায় রয়েছে শিলাবৃষ্টির সম্ভাবনাও।

oooooooooooooooooooooooooo

বিভিন্ন জেলায় আবারো ঝড় বৃষ্টি শুরু হয়েছে। উত্তরবঙ্গের প্রায় সব জেলা এবং দক্ষিণ বঙ্গের কলকাতা হাওড়া হুগলি উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং পুরুলিয়া বাঁকুড়া ঝাড়গ্রাম পূর্ব ও পশ্চিম মেদিনীপুর থেকে ঝড় বৃষ্টির খবর পাওয়া গেছে। আলিপুরে আজ সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত গত ২৪ ঘন্টায় প্রায় এগারো মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। বৃষ্টির কারণে আজ তাপমাত্রা পারদ অনেকটাই নেমে গেছে। সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২০ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে চার ডিগ্রী কম। আজও উত্তরবঙ্গের জলপাইগুড়ি আলিপুরদুয়ার এবং কোচবিহার জেলায় অতি ভারী বৃষ্টি এবং কোথাও কোথাও শিলাবৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। দক্ষিণবঙ্গের কলকাতা সহ উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা হাওড়া হুগলি ও নদীয়া জেলায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০